গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ জরিপ অধিদপ্তর
উন্নয়ন সার্ভে
তেজগাঁও, ঢাকা-১২০৮

গত ০১ নভেম্বর ২০২৬ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ জরিপ অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২৬ এর আওতায় বিভিন্ন পদে পদোন্নতি প্রদানের লক্ষ্যে জ্যেষ্ঠতা তালিকা হালনাগাদ করার জন্য সার্ভেয়ার জেনারেল অফিসের অফিস আদেশ নম্বর ২৩. ০৮.০০০০. ০০৪.০৮.০০৩.২৬.১৬১৮, তারিখ ২৩ সেপ্টেম্বর ২০২৬ অনুযায়ী গঠিত কমিটির ৩য় সভার কার্যবিবরণী:

সভাপতি	মোঃ মোস্তাফিজুর রহমান পরিচালক (চ:দা:) উন্নয়ন সার্ভে
সভার তারিখ	০১ নভেম্বর ২০২৬
সভার সময়	দুপুর ২:৩০ ঘটিকায়
স্থান	অধিদপ্তরের তেজগাঁও ক্যাম্পাসের মিনি সম্মেলন কক্ষ।
উপস্থিতি	কমিটির সকল সদস্যবৃন্দ

আলোচনা ও সিদ্ধান্তসমূহ:

১. সূচনা ও তথ্য পর্যালোচনা:

সভায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান এবং সভার কার্যক্রম শুরু করেন। সভার সূচনালগ্নে সার্ভেয়ার জেনারেল অফিস হতে প্রাপ্ত তথ্যসমূহ পর্যালোচনা করা হয়। সকল সদস্যের মতামতের ভিত্তিতে নিম্নলিখিত পদসমূহের পদোন্নতি ও জ্যেষ্ঠতা তালিকা নিয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয়:

ক) **সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর:** ফিডার পদে কর্মরত সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটরদের জ্যেষ্ঠতা তালিকা।

খ) **প্রধান করণিক, ক্যাশিয়ার, উচ্চমান সহকারী:** ফিডার পদে কর্মরত অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক অপারেটরদের জ্যেষ্ঠতা তালিকা।

২. পর্যালোচনা ও পরিশিষ্টভিত্তিক খসড়া জ্যেষ্ঠতা তালিকা নির্ধারণ:

আলোচনার প্রেক্ষিতে এবং কমিটির সকল সদস্যের মতামতের ভিত্তিতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত 'নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা, ২০১১ অনুযায়ী উপরোল্লিখিত পদগুলোর বিপরীতে খসড়া জ্যেষ্ঠতা তালিকা পরিশিষ্ট আকারে নিম্নরূপভাবে চূড়ান্ত করা হয়:

ক) সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর: ফিডার পদে কর্মরত কর্মচারীদের ১ম নিয়োগে বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটি কর্তৃক প্রদত্ত মেধা তালিকা ব্যতীত অন্য কোনো জ্যেষ্ঠতা তালিকা না থাকায় উক্ত তালিকাটি সঠিক বলে সিদ্ধান্ত গৃহীত হয়। তদানুযায়ী **পরিশিষ্ট 'ক'** আকারে খসড়া জ্যেষ্ঠতা তালিকা প্রস্তুত করা হয়।

খ) প্রধান করণিক, ক্যাশিয়ার, উচ্চমান সহকারী: ফিডার পদে কর্মরত কর্মচারীদের বিভাগীয় নিয়োগ/ পদোন্নতি কমিটি কর্তৃক প্রদত্ত মেধা তালিকা ব্যতীত অন্য কোনো জ্যেষ্ঠতা তালিকা না থাকায় উক্ত তালিকা সঠিক বলে সিদ্ধান্ত গৃহীত হয়। তদনুযায়ী **পরিশিষ্ট 'খ'** আকারে খসড়া জ্যেষ্ঠতা তালিকা প্রস্তুত করা হয়।

৩. বিজ্ঞপ্তি প্রকাশ ও আপত্তি আহ্বান:

উপরে প্রস্তুতকৃত পরিশিষ্ট 'ক' ও 'খ' এর জ্যেষ্ঠতা তালিকা বর্ণিত কর্মচারীদের অবগতির জন্য বাংলাদেশ জরিপ অধিদপ্তরের নোটিশ বোর্ড এবং অফিসিয়াল ওয়েববসাইটে প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য অন্যান্য পদের জ্যেষ্ঠতা তালিকা ধারাবাহিকভাবে প্রকাশ করা হবে।

উক্ত তালিকা আগামী ৩০ কর্মদিবসের জন্য (অথবা ১৩ ডিসেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত) বাংলাদেশ জরিপ অধিদপ্তরের নোটিশ বোর্ডে এবং ওয়েবসাইটে উপস্থাপিত থাকবে। উল্লিখিত সময়ের মধ্যে জ্যেষ্ঠতা বিষয়ে কোনো কর্মচারীর আপত্তি থাকলে তা যথাযথ প্রমানকসহ কমিটির সভাপতি বরাবরে লিখিত আবেদনের আহবান জানানো হলো। **নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত কোনো আবেদন গ্রহণযোগ্য হবে না।**

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

দেবাশীষ সরকার
উপ পরিচালক(জরিপ)(চ:দা:)
ট্রেনিং পার্টি
বাংলাদেশ জরিপ অধিদপ্তর

সৈয়দ মোহাম্মদ মাসুম
উপ পরিচালক(জরিপ)(চ:দা:)
ফটোগ্রামেট্রিক অফিস
বাংলাদেশ জরিপ অধিদপ্তর

মেজর সৈয়দ মনিরুল হাসান
উপ পরিচালক(জরিপ)(অ:দা:)
৪ নং পার্টি
বাংলাদেশ জরিপ অধিদপ্তর

মোঃ শফিকুর রহমান
উপ পরিচালক(জরিপ)
১ নং পার্টি
বাংলাদেশ জরিপ অধিদপ্তর

মোঃ মোস্তাফিজুর রহমান
পরিচালক (চ:দা:), উন্নয়ন সার্ভে
বাংলাদেশ জরিপ অধিদপ্তর